দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
রোববার | ১৬ আগস্ট ২০২৬ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে আলোচনা ও দেওয়ালিকা প্রদর্শনীতে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির ও অন্যরা*

# প্রিমিয়ার ভার্সিটিতে পারিবারিক আইন বিষয়ে আলোচনা ও দেওয়ালিকা প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি ৫৮তম ব্যাচ, সেকশন 'ক'-এর উদ্যোগে সমসাময়িক পারিবারিক ও ব্যক্তিগত আইনি ইস্যু নিয়ে 'ডিসকাশন অন কন্টেম্পোরারি পার্সোনাল ইস্যুজ অ্যান্ড ওয়ালপেপার এক্সিবিশন' শীর্ষক এক ব্যতিক্রমী আলোচনা সভা ও দেওয়ালিকা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার হাজারী লেইন ক্যাম্পাস প্রাঙ্গণে আয়োজিত আলোচনায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস.এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান এবং তানজিনা আলম চৌধুরী। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। পুরো অনুষ্ঠানটির সমন্বয় ও নির্দেশনায় ছিলেন সহকারী অধ্যাপক সুরিনা তারজিদ।

অনুষ্ঠানে ৫৮তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী মোট ৮টি দলে বিভক্ত হয়ে ব্যক্তিগত ও পারিবারিক আইনের বিভিন্ন জটিল ও সমসাময়িক বিষয় নিয়ে ৮টি বিশ্লেষণাত্মক নিবন্ধ ও সংবাদপত্রের কাটিং-সম্বলিত দেওয়ালিকা উপস্থাপন করেন।

দেওয়ালিকাগুলোতে বিবাহ, দেনমোহর, বিবাহবিচ্ছেদ, সন্তানের খোরপোষ, অভিভাবকত্বসহ পারিবারিক ও ব্যক্তিগত আইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। শিক্ষার্থীরা এসব বিষয়ে আইনগত দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ উপস্থাপনের পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন সমসাময়িক ঘটনা ও সংবাদপত্রের প্রতিবেদন প্রদর্শন করেন। প্রধান অতিথি বলেন,আইনশিক্ষার মূল উদ্দেশ্য শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান অর্জন নয়; বরং সেই জ্ঞানকে সমাজের বাস্তব সমস্যা ও মানুষের অধিকার রক্ষার ক্ষেত্রে প্রয়োগ করার সক্ষমতা অর্জন করা। ব্যক্তিগত ও পারিবারিক আইন মানুষের দৈনন্দিন জীবন, পারিবারিক সম্পর্ক এবং মৌলিক অধিকারকে সরাসরি প্রভাবিত করে। তাই এসব বিষয়ে শিক্ষার্থীদের গভীরভাবে অধ্যয়ন, গবেষণা ও বিশ্লেষণী দক্ষতা অর্জন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা ভবিষ্যতে আইনজীবী ও আইনজ্ঞ হিসেবে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং মানুষের অধিকার সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বক্তব্য রাখেন অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, অধ্যাপক হিল্লোল সাহা, অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান, অধ্যাপক তাহমিনা সানজিদা শহীদ এবং লেকচারার মেহেরুন্নেসা বেগম। অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 August 2026, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-08-16

চট্টগ্রাম রবিবার ১৬ আগস্ট ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১৭১তম সংখ্যা । । ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ । । ২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি । । Sunday 16 August 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ভার্সিটির আইন বিভাগে আলোচনা ও দেওয়ালিকা প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি ৫৮তম ব্যাচ, সেকশন 'ক'-এর উদ্যোগে গতকাল শনিবার সমসাময়িক পারিবারিক ও ব্যক্তিগত আইনি ইস্যু নিয়ে 'ডিসকাশন অন কন্টেম্পোরারি পার্সোনাল ইস্যুজ অ্যান্ড ওয়ালপেপার এক্সিবিশন' শীর্ষক এক আলোচনা সভা ও দেওয়ালিকা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইন ক্যাম্পাস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন অ্যাডজাঙ্কট ডিন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান এবং সহকারী ডিন তানজিনা আলম চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। পুরো অনুষ্ঠানটির সমন্বয় ও নির্দেশনায় ছিলেন আইন বিভাগের সহকারী অধ্যাপক সুরিনা তারজিদ। অনুষ্ঠানে ৫৮তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী মোট ৮টি দলে বিভক্ত হয়ে ব্যক্তিগত ও পারিবারিক আইনের বিভিন্ন জটিল ও সমসাময়িক বিষয় নিয়ে ৮টি বিশ্লেষণাত্মক নিবন্ধ ও সংবাদপত্রের কাটিং-সম্বলিত দেওয়ালিকা উপস্থাপন করেন। দেওয়ালিকাগুলোতে বিবাহ, দেনমোহর, বিবাহবিচ্ছেদ, সন্তানের খোরপোষ, অভিভাবকত্বসহ পারিবারিক ও ব্যক্তিগত আইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। প্রধান অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, 'আইনশিক্ষার মূল উদ্দেশ্য শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান অর্জন নয় বরং সেই জ্ঞানকে সমাজের বাস্তব সমস্যা ও মানুষের অধিকার রক্ষার ক্ষেত্রে প্রয়োগ করার সক্ষমতা অর্জন করা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সহযোগী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, সহযোগী অধ্যাপক হিল্লোল সাহা, সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান, সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা শহীদ এবং লেকচারার মেহেরুন্নেসা বেগম।অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি




*প্রিমিয়ার ভার্সিটির আইন বিভাগে সমসাময়িক ব্যক্তিগত ও পারিবারিক আইন বিষয়ে আলোচনা ও দেওয়ালিকা প্রদর্শনীতে ভিসি অধ্যাপক এস. এম. নছরুল কদির ও অন্যরা*

Ref: Daily Purbokone, Date: 16 August 2026, Page: 3, Col: 4

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-08-16

রবিবার
চট্টগ্রাম
১৬ আগস্ট ২০২৬
১ ভাদ্র ১৪৩৩
২ রবিউল আউয়াল ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-২২৯

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪ বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4




প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের দেয়ালিকা প্রদর্শনীতে উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির ও অন্যরা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের দেয়ালিকা প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি ৫৮তম ব্যাচ, সেকশন 'ক'-এর উদ্যোগে ১৫ আগস্ট সমসাময়িক পারিবারিক ও ব্যক্তিগত আইনি ইস্যু নিয়ে 'ডিসকাশন অন কন্টেম্পোরারি পার্সোনাল ইস্যুজ অ্যান্ড ওয়ালপেপার এক্সিবিশন' শীর্ষক এক ব্যতিক্রমী আলোচনা সভা ও দেয়ালিকা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। হাজারী লেইন ক্যাম্পাস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন অ্যাডজাঙ্ক্ট ডিন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান এবং সহকারী ডিন তানজিনা আলম চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। অনুষ্ঠান সমন্বয় ও নির্দেশনায় ছিলেন আইন বিভাগের সহকারী অধ্যাপক সুরিনা তারজিদ।

অনুষ্ঠানে ৫৮তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী মোট ৮টি দলে বিভক্ত হয়ে ব্যক্তিগত ও পারিবারিক আইনের বিভিন্ন জটিল ও সমসাময়িক বিষয় নিয়ে ৮টি বিশ্লেষণাত্মক নিবন্ধ ও সংবাদপত্রের কাটিং-সম্বলিত দেওয়ালিকা উপস্থাপন করেন। দেয়ালিকাগুলোতে বিবাহ, দেনমোহর, বিবাহবিচ্ছেদ, সন্তানের খোরপোষ, অভিভাবকত্বসহ পারিবারিক ও ব্যক্তিগত আইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। শিক্ষার্থীরা এসব বিষয়ে আইনগত দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ উপস্থাপনের পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন সমসাময়িক ঘটনা ও সংবাদপত্রের প্রতিবেদন প্রদর্শন করেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির বলেন, আইন শিক্ষার মূল উদ্দেশ্য শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান অর্জন নয়; বরং সেই জ্ঞানকে সমাজের বাস্তব সমস্যা ও মানুষের অধিকার রক্ষার ক্ষেত্রে প্রয়োগ করার সক্ষমতা অর্জন করা। ব্যক্তিগত ও পারিবারিক আইন মানুষের দৈনন্দিন জীবন, পারিবারিক সম্পর্ক এবং মৌলিক অধিকারকে সরাসরি প্রভাবিত করে। তাই এসব বিষয়ে শিক্ষার্থীদের গভীরভাবে অধ্যয়ন, গবেষণা ও বিশ্লেষণী দক্ষতা অর্জন গুরুত্বপূর্ণ।

অ্যাডজাঙ্ক্ট ডিন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান বলেন, প্রথম বর্ষের শিক্ষার্থীরা ইতোমধ্যে ৮টি সংবাদপত্রে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশের মাধ্যমে তাদের বিশ্লেষণী প্রতিভার স্বাক্ষর রেখেছে।

সহকারী ডিন তানজিনা আলম চৌধুরী বলেন, আমাদের শিক্ষার্থীরা শেখার পাশাপাশি কর্মের মাধ্যমেও এই বিষয়ে অসাধারণ কিছু করছে। এই আয়োজন তারই প্রমাণ।

সভাপতির বক্তব্যে আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস বলেন, বাংলাদেশের পারিবারিক আইনসমূহ একটি কাঠামো প্রদান করলেও আইনগত সচেতনতার অভাব ও সামাজিক বাস্তবতার ফারাক জনগণের, বিশেষত নারীর অধিকারকে প্রায়শই ক্ষুণ্ন করে। আইনবিদ ও শিক্ষার্থী হিসেবে আমাদের দায়িত্ব হলো সংলাপের মাধ্যমে ধর্মীয় ঐতিহ্যকে সম্মান জানিয়ে প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার সুরক্ষিত রাখে-এমন একটি ভারসাম্যপূর্ণ আইনি পদ্ধতি প্রতিষ্ঠায় কাজ করা।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সহযোগী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, সহযোগী অধ্যাপক হিল্লোল সাহা, সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান, সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা শহীদ এবং লেকচারার মেহেরুন্নেসা বেগম। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 August 2026, Page: 2, Col: 1

https://epurbodesh.com/index.php?page=1&date=2026-08-16

চট্টগ্রাম • রোববার • ১৬ আগস্ট ২০২৬ • ১ ভাদ্র ১৪৩৩ • ২ রবিউল আউয়াল ১৪৪৮ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩৪১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat



৩ বিয়াট্রিস ও শিশুদের গল্পের জগৎ

৫ আইন বিষয়ে আলোচনা দেয়ালিকা প্রদর্শনী

৬ ফলাফল না ভেবে নিজ পরিকল্পনার দিকে শান্ত

সম্পাদকীয়
শিপইয়ার্ডে শ্রমিকের জীবনের নিরাপত্তা নিশ্চিত করবে কারা
বিস্তারিত ► পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে সমসাময়িক ব্যক্তিগত ও পারিবারিক আইন বিষয়ে আলোচনা ও দেওয়ালিকা প্রদর্শনীতে উপাচার্য অধ্যাপক এস, এম, নছরুল কদির ও অন্যরা

### প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ

# আইন বিষয়ে আলোচনা দেয়ালিকা প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি ৫৮তম ব্যাচ, সেকশন 'ক'-এর উদ্যোগে সমসাময়িক পারিবারিক ও ব্যক্তিগত আইনি ইস্যু নিয়ে 'ডিসকাশন অন কন্টেম্পোরারি পার্সোনাল ইস্যুজ অ্যান্ড ওয়ালপেপার এক্সিবিশন' শীর্ষক এক ব্যতিক্রমী আলোচনা সভা ও দেওয়ালিকা প্রদর্শনী গতকাল অনুষ্ঠিত হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইন ক্যাম্পাস প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডজাংক্ট ডিন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান এবং সহকারী ডিন তানজিনা আলম চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। পুরো অনুষ্ঠানটির সমন্বয় ও নির্দেশনায় ছিলেন আইন বিভাগের সহকারী অধ্যাপক সুরিনা তারজিদ। অনুষ্ঠানে ৫৮তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী মোট ৮টি দলে বিভক্ত হয়ে ব্যক্তিগত ও পারিবারিক আইনের বিভিন্ন জটিল ও সমসাময়িক বিষয় নিয়ে ৮টি বিশ্লেষণাত্মক নিবন্ধ ও সংবাদপত্রের কাটিং-সম্বলিত দেওয়ালিকা উপস্থাপন করেন। দেওয়ালিকাগুলোতে বিবাহ, দেনমোহর, বিবাহবিচ্ছেদ, সন্তানের খোরপোষ, অভিভাবকত্বসহ পারিবারিক ও ব্যক্তিগত আইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। প্রধান অতিথি উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, "আইন-শিক্ষার মূল উদ্দেশ্য শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান অর্জন নয়; বরং সেই জ্ঞানকে সমাজের বাস্তব সমস্যা ও মানুষের অধিকার রক্ষার ক্ষেত্রে প্রয়োগ করার সক্ষমতা অর্জন করা। ব্যক্তিগত ও পারিবারিক আইন মানুষের দৈনন্দিন জীবন, পারিবারিক সম্পর্ক এবং মৌলিক অধিকারকে সরাসরি প্রভাবিত করে। তাই এসব বিষয়ে শিক্ষার্থীদের গভীরভাবে অধ্যয়ন, গবেষণা ও বিশ্লেষণী দক্ষতা অর্জন অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের এই আয়োজন শিক্ষার্থীদের গবেষণামুখী চিন্তা, সৃজনশীলতা এবং বাস্তব আইনগত বিষয় বিশ্লেষণের সক্ষমতার একটি সুন্দর প্রকাশ।

অ্যাডজাঙ্ক্ট ডিন প্রফেসর মোহাম্মদ মোরশেদ মাহমুদ খান বলেন, "মুসলিম আইন আমার প্রিয় বিষয় এবং এই বিষয়ের প্রতি আমার ভালোবাসা আজও অটুট। আমার প্রথম বর্ষের শিক্ষার্থীরা ইতোমধ্যে ৮টি সংবাদপত্রে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশের মাধ্যমে তাদের বিশ্লেষণী প্রতিভার স্বাক্ষর রেখেছে। তাদের এই উদ্যোগ প্রমাণ করে, তারা কেবল পাঠ্যপুস্তকের জ্ঞানের মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং সমাজের প্রতিটি স্তরে আইনের প্রয়োগ ও বিশ্লেষণেও পারদর্শী হয়ে উঠছে। সহকারী ডিন তানজিনা আলম চৌধুরী বলেন, শিক্ষার্থীরা শেখার পাশাপাশি কর্মের মাধ্যমেও এই বিষয়ে অসাধারণ কিছু করছে। এই আয়োজন তারই প্রমাণ। বাংলাদেশের প্রেক্ষাপটে মুসলিম পারিবারিক আইনের সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবিলায় আইনগত সংস্কারের পাশাপাশি সামাজিক সচেতনতাও জরুরি। আইনের প্রয়োগ ও সমাজের বাস্তবতার মধ্যে যে ব্যবধান রয়েছে, তা নিরসনে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।"সভাপতির বক্তব্যে আইন বিভাগের চেয়ারম্যান জনাব অনুপ কুমার বিশ্বাস বলেন, "বাংলাদেশের পারিবারিক আইনসমূহ একটি কাঠামো প্রদান করলেও আইনগত সচেতনতার অভাব ও সামাজিক বাস্তবতার ফারাক জনগণের, বিশেষত নারীর অধিকারকে প্রায়শই ক্ষুণ্ন করে। আইনবিদ ও শিক্ষার্থী হিসেবে আমাদের দায়িত্ব হলো সংলাপের মাধ্যমে ধর্মীয় ঐতিহ্যকে সম্মান জানিয়ে প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার সুরক্ষিত রাখে-এমন একটি ভারসাম্যপূর্ণ আইনি পদ্ধতি প্রতিষ্ঠায় কাজ করা।"

এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সহযোগী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, সহযোগী অধ্যাপক হিল্লোল সাহা, সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান, সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা শহীদ এবং লেকচারার মেহেরুন্নেসা বেগম। অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 August 2026, Page: 5, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-08-16